


ALLIANCE FOR AFFORDABLE INTERNET

# বর্জনের মূল্য

## ডিজিটাল ক্ষেত্রে লিঙ্গভেদের অর্থনৈতিক ফলাফল

# কার্যনির্বাহী সারাংশ


**ডিজিটাল ক্ষেত্রে লিঙ্গভেদের কারণে সরকার কয়েক শত বিলিয়ন ডলার ক্ষতির সম্মুখীন হচ্ছে। আগামী পাঁচ বছরে এই শূন্যতাকে ভরাট করতে পারলে সেটি নীতি রূপায়নকারীদেরকে $524 বিলিয়ন ইউএসডি বাঁচানোর সুযোগ প্রদান করবে।**


সারা পৃথিবী জুড়ে, লক্ষাধিক মানুষ এখনও অন্তর্জাল ব্যবহার করার এবং অনলাইনে অংশগ্রহণ করার সুযোগ পান না — **এবং মহিলারা সামঞ্জস্যবিহীনভাবে বর্জিত রয়েছেন।** সারা বিশ্বে মহিলাদের তুলনায় পুরুষদের অনলাইন থাকার সম্ভাবনা 21% বেশি, যা ন্যূনতম উন্নত দেশগুলির মধ্যে 52% অবধি বৃদ্ধি পাচ্ছে।

বিবিধ কারণ মহিলাদের এবং মেয়েদেরকে অন্তর্জাল ব্যবহার করা এবং অনলাইনে অংশগ্রহণ করার ক্ষেত্রে বাধা হয়ে ওঠে, যার অন্তর্ভুক্ত হলো দুর্মূল্য যন্ত্রপাতি এবং উপাত্তের খরচ, শিক্ষা এবং ডিজিটাল দক্ষতায় অসাম্য, সামাজিক রীতিনীতি যা মেয়েদেরকে অনলাইনে আসার ক্ষেত্রে নিরুৎসাহ করে, এবং গোপনীয়তা, নিরাপত্তা, ও সুরক্ষার ক্ষেত্রে ভীতি।

সংযোগে অক্ষম মহিলা এবং মেয়েদের ক্ষেত্রে ডিজিটাল বর্জন সুযোগগুলিকে সীমিত করলেও, এর ব্যাপকতর সমাজগত এবং অর্থনৈতিক প্রভাবও রয়েছে যা প্রত্যেককেই প্রভাবিত করে। লক্ষাধিক মহিলারা যেহেতু ইন্টারনেট ব্যবহার করতে সক্ষম নন, পৃথিবীতে সেইসকল সামাজিক, সাংস্কৃতিক, এবং অর্থনৈতিক অবদানগুলি অজানাই থেকে যাচ্ছে যা তারা করতে পারতেন যদি তারা ইন্টারনেটের সুবিধাটুকু নিতে পারতেন।

**এই প্রতিবেদনটি মহিলাদের ডিজিটাল বর্জনের অর্থনৈতিক প্রভাবটিকে হিসেব করে।** এছাড়াও, একটি সম্পূর্ণভাবে অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল অর্থনীতিতে মহিলাদেরকে অন্তর্ভুক্ত করতে হলে সরকারকে যেসকল অর্থনৈতিক সুযোগ প্রদান করতে হবে সেগুলিতে জোর দেয়।

# ডিজিট্যাল বর্জনের অর্থনৈতিক মূল্য পরিমাপ করা।

এই গবেষণাটি নিম্ন এবং নিম্ন-মধ্যম আয়সম্পন্ন দেশগুলিতে (লোয়ার অ্যান্ড লোয়ার-মিড্ল ইনকাম কান্ট্রি, এলএলএমআইসি) মনোযোগ দেয়, যেখানে ডিজিট্যাল ক্ষেত্রে লিঙ্গভেদ প্রায়শই সর্বাধিক। ডিজিট্যাল বর্জনের অর্থনৈতিক প্রভাবকে বোঝার জন্য, এই প্রতিবেদনটি 32টি এলএলএমআইসিতে লিঙ্গভেদের নমুনা দেখিয়েছে, যার মধ্যে রয়েছে সমস্ত এলএলএমআইসিগুলির সম্মিলিত গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট বা জিডিপির 70%-এরও অধিক, এবং যেগুলিকে এটি আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ)-এর বিদ্যমান মডেলগুলির সাথে যৌথভাবে ক্রমবর্ধমান মোবাইল এবং স্থির ব্রডব্যান্ড ব্যবহারের অর্থনৈতিক প্রভাবকে গণনা করে। এই মডেলটি এই 32 টি দেশের গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট (জিডিপি)-এর উপরে ডিজিট্যাল ক্ষেত্রে লিঙ্গভেদের সর্বমোট প্রভাবটির একটি আনুমানিক হিসেবে প্রদান করবে এবং যদি সরকার সমস্যাটির সমাধানে কোনও পদক্ষেপ না নেয় তাহলে ভবিষ্যতে যা হবে তার প্রভাবটিকেও দেখাবে।



## আমরা কি খুঁজে পেয়েছি

1

**ডিজিট্যাল ক্ষেত্রে যথেষ্ট বড়সড় লিঙ্গভেদ রয়েছে — এবং তা কোনওভাবে কমছে না।** 32 টি দেশে যেগুলিকে আমরা গবেষণা করেছি, প্রায় অর্ধ সংখ্যক পুরুষের তুলনায় কেবলমাত্র এক তৃতীয়াংশের সামান্য বেশি সংখ্যক মহিলা ইন্টারনেটে সংযুক্ত। 2011 সাল থেকে, লিঙ্গভেদ কেবলমাত্র আধা শতাংশ কমেছে, 30.9% থেকে 30.4% হওয়ার মাধ্যমে।




**উৎসঃ** অ্যালায়েন্স ফর অ্যাফোর্ডেবল ইন্টারনেট, 2021

2 **মহিলাদের ডিজিটিয়াল পৃথিবী থেকে বাইরে রাখার কারণে জিডিপিতে দেশগুলি $1 ট্রিলিয়ন ইউএসডি ক্ষতির সম্মুখীন হয়েছে।** 2020 সালে, জিডিপিতে ক্ষতির পরিমাণ ছিল $126 বিলিয়ন ইউএসডি।

3 **এই অর্থনৈতিক আঘাতের অর্থ হলো আয়করের ক্ষেত্রে বিলিয়নের ক্ষতি যা শিক্ষা, স্বাস্থ্য, এবং আবাসনের বিকাশ সাধনের জন্য বিনিয়োগ করা যেত।** বর্তমান আয়কর-থেকে-জিডিপি অনুপাতের ভিত্তিতে, এইসকল সরকারগুলির জন্য এই ক্ষতিগ্রস্ত উৎপাদনশীলতা আয়কর রাজস্বের ক্ষেত্রে বার্ষিক $24 বিলিয়ন হয়ে দাঁড়ায়।

4 **ডিজিটিয়াল ক্ষেত্রে লিঙ্গভেদ দূরীকরণের জন্য যে নীতিগুলিকে গ্রহণ করা প্রয়োজন সরকারগুলি সেগুলিকে গ্রহণ করছে না।** অ্যালায়েন্স ফর অ্যাফোর্ডেবল ইন্টারনেট (A4AI)-এর বার্ষিক অ্যাফোর্ডেবিলিটি ড্রাইভারস ইনডেক্স-এ আলোচিত সমস্ত নীতিসংক্রান্ত এলাকাগুলির মধ্যে, লিঙ্গ ধারাবাহিকভাবে নিম্নতম স্কোর পেয়ে থাকে। 2020 সালের অ্যাফোর্ডেবিলিটি প্রতিবেদনে, গবেষণাধীন দেশগুলির 40%-এরও বেশি দেশে ইন্টারনেট ব্যবহারে নারীদের সুযোগ বৃদ্ধি করার জন্য কোনও অর্থপূর্ণ নীতি বা কার্যক্রম ছিল না।

5 **নীতিপ্রবর্তকদের কাছে একটি $500 বিলিয়ন+-এর অর্থনৈতিক সুযোগ রয়েছে।** এইসকল দেশগুলিতে ডিজিটিয়াল ক্ষেত্রে লিঙ্গভেদ মেটানোর ফলে 2025 সালের মধ্যে আর্থিক ক্রিয়াকলাপে আনুমানিক $524 বিলিয়ন বৃদ্ধি করা সম্ভব।

## ডিজিটিয়াল ক্ষেত্রে লিঙ্গভেদ মেটান এবং ডিজিটিয়াল অর্থনীতির বিকাশ ঘটান

এই রায়গুলি ডিজিটিয়াল ক্ষেত্রে লিঙ্গভেদের বিশালতাকে প্রদর্শন করে এবং সুযোগগুলিকেও যা পদক্ষেপ নিতে ইচ্ছুক সরকারগুলির জন্য বিদ্যমান। কোভিড-19 অতিমারির সম্মুখীন হয়ে অর্থনীতিগুলি যেহেতু সঙ্কুচিত হয়ে পড়েছে, সরকারগুলি অর্থনৈতিক উৎপাদনশীলতা ও বৃদ্ধির একটি নতুন, দৃঢ় উৎস হিসেবে ডিজিটিয়াল বিশ্বের দিকে তাকিয়ে রয়েছে। এই বিকাশকে অন্তর্ভুক্তিমূলক হতে হবে এবং অবশ্যই কার্যক্রম, নীতিসমূহ, এবং অবকাঠামোতে বিনিয়োগ করতে হবে যেগুলি অধিকতর সংখ্যক নারীকে অন্তর্জাল ব্যবহারে সক্ষম করবে।

স্থায়ী, উচ্চ-গতিসম্পন্ন ইন্টারনেট ব্যবহার প্রত্যেকের জন্য উপলব্ধ এবং সাধ্যের মধ্যে রয়েছে তা নিশ্চিত করার জন্যএই নীতি অভিগমনের অন্তর্ভুক্ত হবে অবকাঠামতে বিনিয়োগ। কিন্তু একটি অন্তর্ভুক্তিমূলক ডিজিটিয়াল অর্থনীতির কৌশলকে অবশ্যই অবকাঠামোর বাইরে পৌঁছতে হবে যাতে ডিজিটিয়াল বর্জনের ক্ষেত্রে অর্থনৈতিক, প্রযুক্তিগত, এবং সামাজিক বাধাগুলির সমাধানের চেষ্টাও করা যায়।

ওয়েব ফাউণ্ডেশন দ্বারা প্রস্তুত রিঅ্যাক্ট (REACT) ফ্রেমওয়র্কটি, পাঁচটি মূল স্তম্ভকে নির্ধারণ করে যেগুলি প্রযুক্তিতে নারীদের অন্তর্ভুক্তির প্রসার ঘটাতে নীতি প্রবর্তন করার জন্য নীতিপ্রবর্তকদেরকে একটি সামগ্রিক পথ প্রদর্শন করে: **অধিকার, শিক্ষা, অ্যাক্সেস, বিষয়বস্তু,** এবং **লক্ষ্য**-এর মাধ্যমে। একটি কার্যকরী ব্রডব্যান্ড কৌশলে অবশ্যই সেইসকল নীতিগুলিকে অন্তর্ভুক্ত থাকতে হবে যেগুলি নারী এবং মেয়েদের অধিকারকে সুনিশ্চিত করে; সকলের জন্য দক্ষতা এবং প্রশিক্ষণ প্রদান করে; ইন্টারনেটের অ্যাক্সেসকে উপলব্ধ এবং সাশ্রয়ী করে; প্রাসঙ্গিক, স্থানীয় বিষয়বস্তুর প্রচার করে; এবং নীতিপ্রক্রিয়ায় বিশ্বাসযোগ্যতা উৎপাদনের জন্য স্পষ্ট নীতির লক্ষ্যকে অন্তর্ভুক্ত করে।

একটি ডিজিটিয়াল অর্থনীতি নারীদের সম্পূর্ণ অংশগ্রহণ ব্যতীত এর পূর্ণ সম্ভাবনাতে পৌঁছতে পারে না। ডিজিটিয়াল অন্তর্ভুক্তি কেবলমাত্র ভালো নীতিই নয় — এটি ভালো অর্থনীতিও বটে।